



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
Bangladesh Madrasah Education Board, Dhaka.

নং বামাশিবো/সংস্থা/৮৬০

তারিখঃ ১৬/০৭/২০১৬ খ্রিঃ।

**জরুরি বিজ্ঞপ্তি**

এতদ্বারা বোর্ডের অধিভুক্ত সকল মাদরাসা প্রধানদের জানানো যাচ্ছে যে, মাদরাসার অনুমতি-স্বীকৃতির মেয়াদ ও অন্যান্য তথ্য অনলাইনে সংগ্রহের জন্য সকল মাদরাসার ওয়েব পোর্টালে একটি তথ্য ছক প্রদান করা হয়েছে। স্ব-স্ব মাদরাসার ওয়েব পেজের এ্যাডমিন প্যানেলে লগ ইন করে মেনু বারের ডান দিক থেকে দ্বিতীয় অপশন “মাদরাসার তথ্য” বাটনে ক্লিক করে প্রাপ্ত তথ্য ছকে সংশ্লিষ্ট সকল তথ্য ইনপুট করে ৩১/০৭/২০১৬ তারিখের সাবমিট করার জন্য সকল মাদরাসা প্রধানকে অনুরোধ করা হলো।

অনলাইনে তথ্য পূরণ ও সাবমিট করা না হলে ঐ সব মাদরাসার অনুমতি/স্বীকৃতি ও কমিটি সংক্রান্ত কোন কার্যক্রম বোর্ড থেকে সম্পন্ন করা যাবে না।

উল্লেখ্য যে, কোন ভুল তথ্য প্রদান করা হলে বা দাখিলকৃত তথ্য বোর্ডে সংরক্ষিত সংশ্লিষ্ট মাদরাসার নথির তথ্যের সাথে গরমিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট মাদরাসা প্রধান দায়ী থাকবেন।

ওয়েব পোর্টালের এ্যাডমিন প্যানেলে লগ ইন ও তথ্য ইনপুট করার পদ্ধতিঃ

১. ফায়ারফক্স অথবা গুগল ক্রম ইন্টারনেট ব্রাউজারের এ্যাডেস বারে মাদরাসার ওয়েব পোর্টাল এ্যাড্রেস লিখে (মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত মাদরাসা ভিত্তিক ওয়েব পেজ যেমন; কোন মাদরাসার EIIN যদি ১০১২১৪. হয় তাহলে ঐ মাদরাসার ওয়েব পোর্টাল বা ওয়েব পেজ এ্যাড্রেস হবে 101214.ebmeb.gov.bd ) | অন্যান্য মাদরাসার ক্ষেত্রে শুধু মাদরাসার EIIN পরিবর্তন হবে।
২. অতঃপর পেজের বাম দিকে মাঝামাঝি এ্যাডমিন প্যানেলে ক্লিক করে পাসওয়ার্ড {অনলাইনে রেজিস্ট্রেশন (e-SIF) এবং ফরম পূরণের (e-FF) জন্য বোর্ড কর্তৃক সরবরাহকৃত পাসওয়ার্ড} দিয়ে এ্যাডমিন প্যানেলে লগইন করতে হবে।
৩. এ্যাডমিন প্যানেলে স্বাগতম পেজে লগইন করে উপরের মেনু বারের ডান দিক থেকে দ্বিতীয় অপশন “মাদরাসার তথ্য” বাটনে ক্লিক করে প্রাপ্ত তথ্য ছকে সংশ্লিষ্ট তথ্য ইনপুট করতে হবে।

(প্রফেসর এ.কে.এম. হায়েফ উল্যা)

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক

বোর্ডের অধিভুক্ত সকল মাদরাসা

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

নং বামাশিবো/সংস্থা/৮৬০

তারিখঃ ১৬/০৭/২০১৬ খ্রিঃ।

অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ

- ১। জেলা প্রশাসক (সকল)।
- ২। মাদরাসা পরিদর্শক।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/ময়মনসিংহ অঞ্চল।
- ৫। জেলা শিক্ষা অফিসার (সকল)।
- ৬। সহকারি পরিদর্শক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল)।
- ৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
- ৮। সভাপতি, পরিচালনা কমিটি, বোর্ডের অধিভুক্ত সকল মাদরাসা।

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।